

তারিখ : 06/07/2017

**কানপুর, উত্তরপ্রদেশ স্থিত দি ব্রহ্মবর্ত কমার্শিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড –এর প্রতি জারি করা  
বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদকাল নভেম্বর 06, 2017 পর্যন্ত বৃদ্ধি করা হল**

ভারতীয় রিজার্ভ ব্যাংক কানপুর, উত্তরপ্রদেশস্থিত দি ব্রহ্মবর্ত কমার্শিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড–এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদকাল, পর্যালোচনার সাপেক্ষে, জুলাই 07, 2017 তারিখ থেকে নভেম্বর 06, 2017 তারিখ পর্যন্ত আরও চার মাসকাল বৃদ্ধি করল। ব্যাংকটিকে জুলাই 07, 2015 তারিখ থেকে ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 35A-এর অধীনে জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির আওতায় আনা হয়েছিল। উপরোক্ত নিয়ন্ত্রণবিধি পরিমার্জন করা হয়েছিল এবং তার বৈধতা জুলাই 06, 2017 তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। সেই নির্দেশিকা জুন 29, 2017 তারিখাঙ্কিত নির্দেশের মাধ্যমে আবার নভেম্বর 06, 2017 পর্যন্ত প্রলম্বিত করা হল। জুন 29, 2017 তারিখাঙ্কিত নিয়ন্ত্রণবিধির একটি প্রতিলিপি জনসাধারণের অবগতির উদ্দেশ্যে ব্যাংকটির ভবনে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাংকের দ্বারা বিশেষ নিয়ন্ত্রণবিধির এই পরিমার্জন থেকে স্বতই এই অর্থ নিরূপণ সমীচীন নয় ওই ব্যাংকটির আর্থিক স্থিতির উন্নতি বা অবনতি হয়েছে। পরিপ্রেক্ষিত বিচার করে রিজার্ভ ব্যাংক নিয়ন্ত্রণবিধির পরিমার্জন করার কথা ভাবতে পারে।

প্রেস প্রকাশনি : 2017-2018/49

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা